

সাধারণ বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্য ও গাড়ির বৈধ মালিকানা/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে (যদি কেউ থাকে) আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি।

সূত্র: শুল্ক গুদাম, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া এর জি.আর. নম্বর: ১১২৬/২০২৫, তারিখ: ১১/১২/২০২৫ খ্রিঃ।

আটককারী কর্তৃপক্ষ	: ২৫ বর্ডার গার্ড বাংলাদেশ, সরাইল ব্যাটালিয়, ব্রাহ্মণবাড়িয়ার সদস্যগণ।
আটকের স্থান	: চম্পকনগর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া নামক স্থান।
আটকের তারিখ ও সময়	: গত ১৯-১০-২০২৫ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৫:৩০ ঘটিকা।
আটককৃত মালামাল ও গাড়ির সংক্ষিপ্ত বর্ণনা	: ভারতীয় বিভিন্ন প্রকারের মালামাল ও পিকআপ গাড়ি (ঢাকা-মেট্রো-ন-১৯-৯৪৭১)
আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয় নাম ও তারিখ	: শুল্ক গুদাম আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, তারিখ: ১১-১২-২০২৫ খ্রিস্টাব্দ।
আটককৃত মালামাল ও গাড়ির কাস্টমস গুদাম কর্মকর্তা কর্তৃক নিরূপিত মূল্য	: ১,০১,৫৫,৬০০/- (এক কোটি এক লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত টাকা)।

সূত্রীয় জি.আর.ভুক্ত মামলার প্রতিবেদনের প্রেক্ষিতে এই মর্মে আপনি/আপনাদেরকে জানানো যাচ্ছে যে, গত ১৯-১০-২০২৫ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৫:৩০ ঘটিকায় জনাব আজিজুল হক, নায়ক সুবেদার, সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) অন্যান্য সদস্যগণকে নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে চোরাচালান প্রতিরোধের উদ্দেশ্যে টহলে বের হন। টহলকালে চম্পকনগর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া নামক স্থানে বাংলাদেশী পিকআপ (ঢাকা-মেট্রো-ন-১৯-৯৪৭১) গাড়িটি আসলে তা থামানোর সংকেত দেয়। টহল দলের উপস্থিতি টের পেয়ে চালক গাড়ীতে থাকা পণ্যসহ গাড়ীটি রাস্তার পাশে রেখে ডাইভার দ্রুত পালিয়ে যায়। পরবর্তীতে আটককারী সংস্থা কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে আনিত ভারতীয় বিভিন্ন প্রকারের পণ্য ও পিকআপ (ঢাকা-মেট্রো-ন-১৯-৯৪৭১) গাড়িটি আটক করে আটক প্রতিবেদনসহ কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৯২ অনুযায়ী সূত্রীয় জি আর মূলে ল্যান্ড কাস্টমস স্টেশন আখাউড়াতে অর্পণ করেন। আলোচ্য পণ্যচালানের কাস্টমস নিরূপিত মূল্য ১,০১,৫৫,৬০০/- (এক কোটি এক লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত টাকা)। অতঃপর ল্যান্ড কাস্টমস স্টেশন আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ার সহকারী কমিশনার চোরাচালানের অভিযোগে দায়েরকৃত আটক মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে এ দপ্তরে প্রেরণ করেন।

২। আটককৃত পণ্য শুল্ক করাদি পরিশোধ ব্যতিরেকে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৮ ও ৯ অনুযায়ী ঘোষিত রুট পরিহার করে অবৈধ পথে দেশের অভ্যন্তরে আনায়েন করায় একই আইনের ধারা ২ (২৪) অনুযায়ী চোরাচালানের অপরাধ সংঘটিত হয়েছে। এরূপ কার্যক্রম কাস্টমস আইনের ধারা-১৭১ এর উপধারা-১ ক্রমিক নং-৬ ও ৭ অনুযায়ী শাস্তিযোগ্য। আটককৃত যানবাহন (পিকআপ নং ঢকা-মেট্রো-ন-১৯-৯৪৭১) চোরাচালানকৃত পণ্য পরিবহনের কাজে ব্যবহৃত হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭৩ অনুযায়ী অপরাধ সংঘটিত হয়েছে যা একই আইনের একই ধারা অনুযায়ী শাস্তিযোগ্য।

৩। উল্লিখিত জিআর এ বর্ণিত জন্মকৃত পণ্য এবং যানবাহন (ঢাকা-মেট্রো-ন-১৯-৯৪৭১) এর কোন বৈধ মালিক/দাবিদার থাকলে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে যথাযথ প্রমাণক/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমাণকসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় পণ্য ও আটককৃত গাড়িটি আইনানুগ নিষ্পত্তি করা হবে।

Alim

২৭.০১.২৬
মো: রিজওয়ান আলমগীর
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।

E-mail: cevccomilla@gmail.com

বিতরণ:

১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়ের সাইড আপলোডসহ)
২. নোটিশ বোর্ড, ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, আখাউড়া।